# উপজেলা পরিষদ

## কোম্পানীগঞ্জ, সিলেট।

উপজেলা পরিষদের ৩৭ তম সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব শামীম আহমদ (শামীম)<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কোম্পানীগঞ্জ, সিলেট।

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার তারিখ ও সময়: ২৬/০৫/২০২২ খ্রিস্টাব্দ, সকাল- ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য: পরিশিষ্ট 'ক' ও 'খ'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সাবেক অর্থ মন্ত্রী আবুল মাল আব্দুল মহিতের স্মৃতিচারণ করা হয় এবং উনার আত্মার মাগফেরাত কামনা করা হয়। বিগত ১৮/০৪/২০২২ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর বিভাগওয়ারি নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসারের সভাকে জানান যে, গত ১১/০৫/২০২২ খ্রি: তারিখের টানা বন্যায় অত্র উপজেলার প্রায় ৩৫০ বিঘা বোরো ধান নিমজ্জিত ছিল। তবে বর্তমানে পানি সরে যাওয়ার সাথে সাথে কৃষকরা ধান কর্তন করছে। এছাড়া অত্র উপজেলায় আউশ আবাদের লক্ষমাত্রা হচ্ছে ২৬৩০ হেক্টর। সেই লক্ষমাত্রাকে সামনে রেখে প্রায় ১০০ হেক্টর বীজতলা তৈরী করা হয়েছিল। গত বন্যায় ৮৬ হেক্টর বীজতলা নিমজ্জিত থাকায় অধিকাংশ বীজতলা নষ্ট হয়ে গিয়েছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ যদি কৃষি সম্পর্কিত বিভিন্ন প্রকল্প হাতে নেন, তাহলে সেই উপজেলার কৃষি আরও সমৃদ্ধ হবে। বর্তমান পরিস্থিতিতে উপজেলা পরিষদের অর্থায়নে কৃষকদের পুর্নবাসন কর্মসূচীর আওতায় যদি আউশ ধানের বীজ সহায়তা প্রদান করা যায় তাহলে আউশ আবাদের লক্ষমাত্রা অর্জন সহজ হবে। | উপজেলা কৃষি অফিসার কৃষকদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন এবং বন্যায় ক্ষতিগ্রস্থদের তালিকা প্রস্তুতপূর্বক কৃষকদের সাথে স্বার্বক্ষনিক যোগাযোগ রাখবেন। | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভাকে জানান যে, উপজেলা পরিষদের সম্মুখের ধলাই নদীর রাস্তার সাইট পাহাড়ী ঢলের কারণে ভাঙ্গন মেরামত বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় হতে পারে। ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে।<br><br>২। উপজেলা হিসাবরক্ষণ অফিসের ফ্লোর মেরামত ও টাইলস লাগানো বাবদ ৭৫,০০০/-(পচাত্তুর হাজার) টাকা ব্যয় হতে পারে। ব্যয়িত অর্থ উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে পরিশোধ করা যেতে পারে।<br><br>৩। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) এর আওতায় সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলাধীন টুকেরবাজার চারতলা বিশিষ্ট মার্কেট ভবন নির্মাণ কাজের দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নির্বাচিত হয়েছে। উক্ত নতুন ভবনটি নির্মাণের নিমিত্তে পুরাতন ফিস সেডটি নিলামের মাধ্যমে দ্রুত অপসারনের প্রয়োজন। বাজার কমিটির সকলের সিদ্ধান্তক্রমে ফিস সেড অপসারনসহ নতুন মার্কেট ভবন নির্মাণের জন্য চারপাশের দোকানের অতিরিক্ত বারান্দা অপসারণ করে জায়গা খালি করার জন্য প্রস্তাব করেন। তাছাড়া পুরাতন ফিস সেডের মৎস্য ব্যবসায়ীদের অস্থায়ীভাবে ব্যবসা চালিয়ে যাওয়ার জন্য বাজারের পুর্ব দিকে নদীর পাড়ে অবৈধ স্থাপনা খালি করে উক্ত স্থানে মৎস্য ব্যবসায়ীগণ ব্যবসা পরিচালনার জন্য বাজার পরিচালনা কমিটি প্রস্তাব করেন এবং উক্ত জায়গায় অবৈধ স্থাপনা উচ্ছেদসহ প্রয়োজনীয় সহযোগীতার জন্য উপজেলা প্রশাসনের নিকট অনুরোধ করেন। | উপজেলা পরিষদের সম্মুখের ধলাই নদীর রাস্তার সাইট পাহাড়ী ঢলের কারণে ভাঙ্গন মেরামত বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার মধ্যে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২।উপজেলা হিসাবরক্ষণ অফিসের ফ্লোর মেরামত ও টাইলস লাগানো বাবদ ৭৫,০০০/-(পচাত্তুর হাজার) টাকা ব্যয় সীমাবদ্ধ রেখে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। টুকের বাজারে চারতলা বিশিষ্ট নতুন ভবন নির্মাণের নিমিত্তে পুরাতন ফিসসেডটি বিজ্ঞপ্তির মাধ্যমে নিলাম করে অবৈধ স্থাপনা অপসারনপূর্বক টুকের বাজার কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং উপজেলা প্রকৌশলী তদারকি করবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভাকে জানান যে, বন্যাকালীন সময়ে ডাক্তারদের কয়েকটি টিম বিভিন্ন ইউনিয়নে সেবা প্রদান করেছে এবং স্বাস্থ্য সেবা দিতে তারা সর্বদা প্রস্তুত রয়েছেন। অত্র উপজেলায় ডায়রিয়ায় আক্রান্ত রোগির সংখ্যা অনেক কম। হাসপাতালের নিজস্ব ল্যাবের কার্যক্রম শুরু হয়েছে। এখানে রোগিদের বেশ কয়েকটি টেস্ট করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা ডায়রিয়া নিয়ন্ত্রণে আরও সতর্ক থাকবেন এবং ল্যাবের কার্যক্রমের বিষয়টি বহুল প্রচার করবেন। | উপ... প: প... কোম্প... সিলে... |
| ০৪ | পল্লী বিদ্যুৎ | ডেপুটি জেনারেল ম্যানেজার, গত মে/২০২২ মাসে কোম্পানীগঞ্জে ব্যাপক বন্যা হওয়ায় ঝুকির কারণে অধিকাংশ বিদ্যুৎ লাইন বন্ধ করা হয়। বর্তমানে বন্যা পরিস্থিতির উন্নতি পর্যায়ক্রমে বন্ধ বিদ্যুৎ লাইন চালু করা হয়। কোম্পানীগঞ্জ উপজেলায় বকেয়া বিদ্যুৎ বিল বাবদ প্রায় ৩ কোটি টাকা পাওনা রয়েছে। চলতি জুন/২২ মাসের মধ্যে সকল বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে মাঠ পর্যায়ে ক্রাশ প্রোগ্রাম শুরু হয়েছে। এ ব্যাপারে বিদ্যুৎ মন্ত্রণালয়ের কঠোর নিদের্শনা রয়েছে। সকলের সহযোগীতা কামনা করছি। | বৈদ্যুতিক লাইন সচল রাখতে ডেপুটি জেনারেল ম্যানেজার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ সহযোগিতা করবেন। | ডেপুটি জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ , কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, মে/২০২২ মাসে গবাদি প্রাণির টিকা প্রদান-২৩০০ মাত্রা, হাঁস মুরগীর টিকা প্রদান-২৭০০০ মাত্রা, গবাদি প্রাণির চিকিৎসা-১৩০০টি, হাঁস মুরগীর চিকিৎসা-৯০০০টি, ডিম উৎপাদন-৭৫০০টি, রাজস্ব আয়- ৬৬০০/-। একদিনের হাঁস/মুরগীর বাচ্চা বিতরন ১৫০০টি , ঘাস উৎপাদন ৩০ শতক । আত্নকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র দূরীকরণ প্রকল্পের ছাগল, ভেড়া, হাঁস-মুরগীর ক্ষুদ্র ঋণ আদায়-ক্রমপুঞ্জি আদায় ৩,৯৯,৪৫০/- (তিন লক্ষ নিরান্নব্বই হাজার চারশত পঞ্চাশ) টাকা। এছাড়াও বন্যায় প্লাবিত এলাকার জন্য ০৪ টি ভেটেরিনারি মেডিকেল টিম গঠন করা হয়েছে। | আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু তদারকিসহ গবাদি পশুর রোগ বালাই দমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা মৎস্য অফিসারকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান যে, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২২ ইউনিয়ন পর্যায়ের প্রতিযোগীতা ৪জুন থেকে ১৬জুন/২০২২ এবং উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা ১৮জনু থেকে ২৩জুন/২০২২ এর মধ্যে সমাপ্ত করতে হবে। উক্ত প্রতিযোগিতায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার অনুরোধ করেন। | বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২২ যথাসময়ের মধ্যে সুষ্ঠুভাবে শেষ করার লক্ষে উপজেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান যে, ছাত্র/ছাত্রীদের পাঠদান কার্যক্রম যথারীতি চলছে। অন্যান্য কার্যক্রমও স্বাভাবিকভাবে চলমান। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিধিমতে তাঁর বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান যে, নতুন ভোটার অন্তর্ভূক্তি, জাতীয় পরিচয় পত্র সংশোধন ও হারানো কার্ডের অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ নিয়মিত নিষ্পত্তি করা হচ্ছে। ভোটার স্থানান্তরের আবেদন গ্রহন করা হচ্ছে। দাপ্তরিক অন্যান্য সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে। ভোটার তালিকার হালনাগাদের কাজ আগামী ০১/১০/২০২২ তারিখ থেকে শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে। | উপজেলা নির্বাচন অফিসার বিধিমতে তাঁর বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভাকে জানান যে, আনসার ও ভিডিপি অফিস নীচ তলায় হওয়ার কারণে বন্যার পানি অতি সহজে ঢুকে যায়। সদ্য বন্যা কবলিত হয়ে প্রায় ৮/১০ দিন থাকে। এমতাবস্থায় অফিসের আসবাবপত্রসহ অন্যান্য সামগ্রী বন্যার পানিতে ভিজে নষ্ট পায়। তাছাড়া অফিস কক্ষ ছোট হওয়াতে সাংগঠনিক কার্যক্রম চালাতেও সমস্যা হচ্ছে। সদর দপ্তর হতে অফিস ভবন নির্মাণের অনুমোদন রয়েছে। কিন্তু জায়গা বরাদ্দের অভাবে ভবন নির্মাণ করা যাচ্ছে না। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভাকে জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে অত্র উপজেলায় ১৮-৩৫ বৎসরের বেকার যুবকদের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪২০ জন। ইতিমধ্যে স্থানীয় চাহিদার ভিত্তিতে ৪২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অর্থ বছরের ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা ছিল ৩০ জন। ইতিমধ্যে ১২ জনকে ঋণ প্রদান করা হয়েছে। বিতরণ যোগ্য ঋণের অর্থ অপ্রতুলতার কারণে শতভাগ ঋণ বিতরণ অর্জিত নাও হতে পারে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার যুবদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে কর্মমুখী করার প্রয়োজনীয় সহায়তা করবেন এবং ঋণ বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, দুজন নির্যাতিত নারীকে আইনি সহায়তার জন্য মহিলা সহায়তাকেন্দ্রে পাঠানোর পরামর্শ দেয়া হয়েছে। নতুন মাতৃত্বকালীন ভাতাভোগী বাছাইয়ের সভা জুন/২০২২ এর মধ্যে শেষ করে মাসিক ভিত্তিতে প্রত্যেক ইউনিয়ন থেকে মাতৃত্বকালীন ভাতাভোগী নেওয়া হবে। এছাড়াও আয়বর্ধক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণগুলো সঠিক তদারকির মাধ্যমে পরিচালনা করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল | উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভাকে জানান যে, তাঁর দপ্তরের সকল কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। ২০২০-২১ অর্থ বছরের সব কাজ প্রায়ই শেষ পর্যায়ে। ২০২১-২২ অর্থবছরের কাজ খুব দ্রুত শুরু হবে। | উপ-সহকারী প্রকৌশলীকে আলোচ্য বিষয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | উপ-সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলায় পরিবার পরিকল্পনা বিভিন্ন পদ্ধতি গ্রহিতার হার ৭৫.২৪%। এপ্রিল/২২ মাসে বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর মধ্যে খাবার বড়ি ৯৩১২টি, ইনজেকশন ৪৭১৪ জন, কনডম ১৪২৯ জন। আইইউডি ৪৩৪ জন, ইমপ্লান্ট ২৩৭৩ জন। স্থায়ী পদ্ধতি পুরুষ ও মহিলা নাই। উপজেলায় মোট সক্ষম দম্পতি ২৮৮১৩ জন। পরিবার পরিকল্পনা কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | পরিবার পরিকল্পনার মান সন্তোষজনক পর্যায়ে রাখতে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় অডিটযোগ্য ১৪৭টি প্রাথমিক সমবায় সমিতি ও ০২টি কেন্দ্রীয় সমবায় সমিতি রয়েছে। অডিটযোগ্য সমবায় সমিতি সমূহের মধ্যে ১০০% অডিট সম্পন্ন করা হয়েছে। ২০২০-২১ খ্রি: সনের ধার্যকৃত অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল ১০০% আদায় অব্যাহত আছে। অত্র উপজেলায় সিভিডিপি প্রকল্পে আওতায় ২০ জন সমবায়ীকে ২ মাসব্যাপী প্রশিক্ষণের মেয়াদ ৩১/০৫/২০২২ তারিখে সমাপ্ত হবে। তাছাড়া অন্যান্য কর্মমুখী প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী প্রেরণের প্রক্রিয়া অব্যাহত আছে। | উপজেলা সমবায় অফিসার তাঁর বিভাগের সকল কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা সমাজসেবা অফিসারকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | পরি অফি কোম্পানী সিলেট। |
| ২০ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা বন কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ খাদ্য গোদামের অনুকুলে ৭৩৫ মে:টন ধানের লক্ষমাত্রা ও ৯৪ মে:টন চালের লক্ষমাত্রা পাওয়া যায়। ২৬/০৫/২০২২ তারিখ পর্যন্ত ৯ মে:টন ধান সংগ্রহ করা হয়েছে। চাল এখনো সংগ্রহ করা হয়নি। লটারীতে বিজয়ী কৃষকদের মোবাইল ফোন করে অবহিত করা হয়েছে এবং কৃষকদের তালিকা গুদাম পাঙ্গনে টানানো হয়েছে। লটারীতে বিজয়ী কৃষকগণ ছাড়াও অন্যান্য কৃষকগণও গুদামে ধান বিক্রয়ের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ রাখছেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভাকে জানান যে, ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। ঋণ আদায়ে মাঠ কর্মীগণ কাজ করছেন। | ঋণ আদায়ে মাঠ কর্মীদের সঠিকভাবে তদারকি করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৩ | তথ্য কেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | তথ্যসেবা কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | তথ্যসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৪ | পল্লী দারিদ্র বিমোচন | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার সভাকে জানান যে, তার দপ্তর হতে বিভিন্ন ক্যাটাগরিতে ঋণ দেয়া হচ্ছে এবং ঋণ আদায় যথারীতি চলছে। দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করবেন। | পল্লী দারিদ্র বিমোচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৫ | বিবিধ-১ | চেয়ারম্যান, ইসলামপুর পূর্ব ইউপি সভাকে জানান যে, ২নং ইসলামপুর পূর্ব ইউনিয়ন পরিষদের ভবন মেরামত বাবদ ১০,০০০০/- (দশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দ অনুযায়ী কাজও কাজ হয়। কিন্তু ভবনের মূল যে সমস্যা ইলেক্ট্রনিক লাইন মেরামত করা হয়নি। ইউনিয়ন পরিষদের দৈনন্দিক কাজ সম্পন্ন করতে হলে ইলেক্ট্রনিক লাইন মেরামত করা জরুরী হয়ে পড়েছে। | আলোচ্য বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৬ | বিবিধ-২ | চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই ইউনিয়ন পরিষদ সভাকে জানান যে, এলজিএসপি/এডিপির অসমাপ্ত কাজগুলো জুন মাসের মধ্যে শেষ করতে হবে। চলমান বন্যায় ত্রাণ সামগ্রী সঠিকভাবে বিতরণ করা হচ্ছে। | ইউপি চেয়ারম্যানগণ স্ব স্ব ইউনিয়নে চলমান উন্নয়ন প্রকল্পের কাজ সমূহ সঠিকভাবে তদারকি করবেন। | চেয়ারম্যান (সকল ইউপি), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৭ | বিবিধ-৩ | চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউপি সভাকে জানান যে, চলমান বন্যায় কৃষকদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। আমন ধানের বীজ কৃষকদের মাঝে বিতরণ করলে কৃষকগণ উপকৃত হবে। বন্যা প্রতিরোধে পিয়াইন নদী খনন করতে হবে এবং পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। | প্রতি ইউনিয়নের ক্ষতিগ্রস্থ কৃষকদের তালিকা প্রস্তুত পূর্বক জমা দেয়ার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৮ | বিবিধ-৪ | চেয়ারম্যান, তেলিখাল ইউপি সভাকে জানান যে, চলমান বন্যা মোকাবেলায় আমরা সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করে যাচ্ছি। বন্যায় অনেক ক্ষয়ক্ষতি হয়েছে। ত্রাণ সামগ্রী সঠিকভাবে বিতরণ করা হচ্ছে। বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকুপগুলো সচল রাখতে হবে। | চলমান বন্যায় ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠতে ইউপি চেয়ারম্যানগণ কাজ করে যাচ্ছেন। সকল ইউপি চেয়ারম্যানদের সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ-৫ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, তিনটি ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের জন্য দৈনিক সিলেট বানী পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে পত্রিকা অফিস থেকে ভ্যাট ও আইটি ব্যতীত ১০,০৩৭/-(দশ হাজার সাইত্রিশ) টাকার বিল পরিশোধ করা যেতে পারে।<br>২।উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, তিনটি ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের জন্য প্রথম আলো পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে প্রথম আলো পত্রিকা অফিস থেকে ভ্যাট ও আইটি ব্যতীত ২০,৭০০/-(বিশ হাজার সাতশত) টাকার বিল পরিশোধ করা যেতে পারে।<br><br>২। উপজেলা পরিষদের অভ্যন্তরে পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ২৪৫০০/-(চব্বিশ হাজার পাচশত) টাকা ব্যয় করা যেতে পারে।<br>৩। উপজেলা পরিষদের আসবাবপাত্র মেরামত বাবদ ২৫,০০০/-(পচিশ হাজার) টাকা ব্যয় করা যেতে পারে।<br><br>৪। উপজেলায় নিরাপত্তায় নিয়োজিত আনসারদের জন্য ২৫,০০০/-(পচিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। | দৈনিক সিলেট বানী পত্রিকার সম্পাদক বরাবরে বিজ্ঞপ্তি বিল বাবদ ১০,০৩৭/-(দশ হাজার সাইত্রিশ) টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২।প্রথম আলো পত্রিকার সম্পাদক বরাবর বিজ্ঞপ্তি বিল বাবদ ২০,৭০০/-(বিশ হাজার সাতশত সত্তর) টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৩।পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ২৪৫০০/-(চব্বিশ হাজার পাচশত) টাকা ও আসবাবপাত্র মেরামত বাবদ ২৫,০০০/-(পচিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪।নিরাপত্তায় নিয়োজিত আনসারদের জন্য ২৫,০০০/-(পচিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ৩০ | বিবিধ-০৬ | চেয়ারম্যান ইছাকলস ইউপি সভাকে জানান যে, বন্যার ক্ষয়ক্ষতির জন্য ও সাইট জটিলতার কারণে নিম্নোক্ত প্রকল্পসমূহ পরিবর্তন ও পিআইসির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য তুলে ধরছি।<br>১। এডিপি/২০২১-২২ এর আওতায় প্যাকেজ নং-com/ADP/২০২১-২২/W-১১ এর অধীনে "ইছাকলস বিষ্ণুপুর হরিচরণ দাসের বাড়ীর সামন হইতে রামপ্রশাদের বাড়ীর সামন পর্যন্ত রাস্তার পাশের গার্ড ওয়াল নির্মাণ'' এর পরিবর্তে 'নতুন পারকুল গোপাট রাস্তার পূর্বে এলজিএসপি পাকা রাস্তার মাথা হইতে ছইল মিয়ার বাড়ী পর্যন্ত আরসিসি ঢালাইকরণ' প্রকল্পটি সমপরিমান অর্থ দ্বারা বাস্তবায়ন করার অনুরোধ করছি।<br>২। এডিপি/২০২১-২২ এর আওতায় প্যাকেজ নং-com/ADP/২০২১-২২/W-১১ এর অধীনে 'শিবপুর গ্রামের পূর্বে সামার কুড়ি বাধের কালভার্ট নির্মাণ' এর পরিবর্তে নতুন পারকুল আশিদ আলীর বাড়ীর সামনে পাকা রাস্তা হইতে উত্তর দিকে ব্রীজ পর্যন্ত রাস্তা আরসিসি ঢালাই করণ' প্রকল্পটি সমপরিমান অর্থ দ্বারা পিআইসির মাধ্যমে বাস্তবায়ন করার অনুরোধ করছি।<br>৩।এডিপি/২০২১-২২ এর আওতায় প্যাকেজ নং-com/ADP/২০২১-২২/W-১১ এর অধীনে 'বাগজুর পূর্ব পাড়া পাকা রাস্তা হইতে পূর্ব দিকে আখলু মিয়ার বাড়ী পর্যন্ত আরসিসি ঢালাই' প্রকল্পটি পিআইসির মাধ্যমে বাস্তবায়ন করার অনুরোধ করছি। | আলোচ্যমতে প্রকল্পসমূহ পিআইসির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ-০৭ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, নিম্নবর্ণিত ০৩ (তিন) জন বীরমুক্তিযোদ্ধা তাদের নামে রাস্তার নামকরণের জন্য আবেদন করেন।<br>১। জুবায়ের আহমদ অপু, পিতা: বীর মুক্তিযোদ্ধা আলী আমজদ, সাং- কলাবাড়ী,কোম্পানীগঞ্জ, সিলেট তিনি তার বাবা বীরমুক্তিযোদ্ধা আলী আমজদ এর নামে 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাসড়ক সংলগ্ন ধলাই ব্রিজ এর পুর্বপাড় হইতে চটকনা বাজার পর্যন্ত সড়কটি নামকরণের জন্য আবেদন করেন।<br>২। বীর মুক্তিযোদ্ধা মো: ওয়ারিছ আলী, পিতা: ময়না মিয়া, সাং- নারায়নপুর, কোম্পানীগঞ্জ, সিলেট এর নামে ' ১নং পশ্চিম ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের অন্তর্গত বাবুল নগর ফজর আলীর বাড়ী হইতে নারাইনপুর লাল মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তাটি নামকরণের আবেদন করেন।<br>৩। বীরমুক্তিযোদ্ধা মো: ওয়াহিদ মিয়া, পিতা: মৃত এমজাদ মিয়া, সাং- ঘোড়ামারা, কোম্পানীগঞ্জ, সিলেট এর নামে 'ইসলামপুর কালভার্ট হইতে ঘোড়ামারা পাড়ুয়া রাস্তার মুখ' পর্যন্ত রাস্তাটি নামকরণের আবেদন করেন। | আলোচ্যমতে ০৩(তিন)টি রাস্তা বর্ণিত মুক্তিযোদ্ধাদের নামে নামকরণের নিমিত্তে পর্যালোচনাপূর্বক একটি প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ আলোচ্য বিষয়ে লিখিত মতামত দিবেন। | উপজে[illegible] অফিসার/[illegible] প্রকৌশলী/ চেয়ারম্যান, ইসলামপুর পশ্চিম ইউপি, ইসলামপুর পুর্ব ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ৩২ | বিবিধ-০৮ | চেয়ারম্যান, ইসলামপুর পশ্চিম ইউপি সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলার ২০২০-২১ অর্থবছরের এডিপি (উপজেলা রাজস্ব উদ্বৃত্ত) তহবিলের আওতায় দরপত্র আহবানকৃত 'কাঠালবাড়ী মুরাদকান্দি মসজিদ মক্তব সংস্কার ও উন্নয়ন' প্রকল্পটি বন্যা জনিত কারণে বাস্তবায়ন না হওয়ায় পুণরায় উক্ত প্রকল্পটি সমপারিমান অর্থ দ্বারা পরবর্তী অর্থবছরে বাস্তবায়নের প্রস্তাব করেন। | আলোচ্যমতে 'কাঠালবাড়ী মুরাদকান্দি মসজিদ মক্তব সংস্কার ও উন্নয়ন' প্রকল্পটি সমপরিমান অর্থ দ্বারা ২০২২-২৩ অর্থ বছরে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ৩৩ | বিবিধ-০৯ | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভাকে আরও জানান যে, উপজেলা পরিষদ ভবন-০১ ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে বন্যায় ক্ষতিগ্রস্থ মটর ও পানির লাইন মেরামত বাবদ ১৪,২৫০/- (চৌদ্দ হাজার দুইশত পঞ্চাশ) টাকা ব্যয় হয়েছে এবং উপজেলা পরিষদ ভবন-০১ এর উপজেলা নির্বাহী অফিসারের অফিসের ইলেক্ট্রনিক লাইন মেরামত বাবদ বাবদ ২৩৯৩০/-(তেইশ হাজার নয়শত ত্রিশ) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত অর্থ উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। | আলোচ্যমতে ব্যয়িত অর্থ উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ৩৪ | বিবিধ-১০ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২, কোম্পানীগঞ্জ জোনাল অফিস, সিলেট থেকে উপজেলা পরিষদের কেন্দ্রীয় মিটার হিসাব নং-০২২২৬৩০ এর জুন/২০২১ হতে জুন/২০২২ পর্যন্ত ১,৮২,৫১৯/-(এক লক্ষ বিরাশি হাজার পাচশত উনিশ) টাকার বিদ্যুৎ বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিদ্যুৎ বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। | আলোচ্যমতে বর্ণিত বিদ্যুৎ বিল বিল বাবদ ১,৮২,৫১৯/-(এক লক্ষ বিরাশি হাজার পাচশত উনিশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ৩৫ | বিবিধ-১১ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলায় বন্যা দুর্গতদের মধ্যে শুকনা খাবার বিতরণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ব্যয় করা হয়েছে। যা উপজেলা পরিষদ সভায় ভূতাপেক্ষ অনুমোদন দেয়া প্রয়োজন। | কোম্পানীগঞ্জ উপজেলায় বন্যা দুর্গতদের মধ্যে শুকনা খাবার বিতরণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ব্যয়ের ভূতাপেক্ষ অনুমোদন দেয়া হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

তারিখঃ ২৬ মে ২০২২ খ্রিস্টাব্দ।

স্মারক নং-০৫.৬০.৯১২৭.০০৫.৩৫.০০২-১১-৪৮৩(৪৫)

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে।

১। জনাব ইমরান আহমদ এমপি, সিলেট-৪ ও মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৭। জেলা........................................অফিসার, সিলেট।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৯। চেয়ারম্যান..............................ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কোম্পানীগঞ্জ, সিলেট। (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হল)
১১।........................................কোম্পানীগঞ্জ, সিলেট।

২৬/০৫/২০২২

লুসিকান্ত হাজং
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট।

উপস্থিতির ক্রমানুসারে। পরিশিষ্ট 'ক'

| নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব হাজী জিয়াদ আলী | চেয়ারম্যান, ইসলামপুর পশ্চিম ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | জনাব মো: ফয়জুর রহমান | চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | জনাব মো: আলমগীর আলম | চেয়ারম্যান, পূর্ব ইসলামপুর ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | জনাব মো: সাজ্জাদুর রহমান সাজু | চেয়ারম্যান, ইছাকলস ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | ডা: কামরুজ্জামান রাসেল | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ০৬ | ডা: মো: লুৎফুর রহমান | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | জনাব মোহাম্মদ নাঈম হাসান | উপজেলা আইসিটি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | জনাব মাকসুদা ইয়াসমিন | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | জনাব জিবুন্নাহার বেগম | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | জনাব মোছা: সেলিনা বেগম | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ১২ | জনাব শিবলী আত্তিকা তিন্নী | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | জনাব মনোজকান্তি দাস চৌধুরী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | জনাব মো: আব্দুর রহমান | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট এর প্রতিনিধি। |
| ১৫ | জনাব মোঃ আব্দুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | জনাব মো: বদিউজ্জামান আহমদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | জনাব মো: ওয়াজেদ আলী | সিনিয়র অফিসার, দারিদ্র বিমোচন ব্যাংক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | জনাব মো: শাহ আলম | উপজেলা প্রকল্প কর্মকর্তা, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ১৯ | জনাব মো: আজিজুল হক | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২০ | জনাব মো: জহিরুল হক | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | জনাব সজল কান্তি তালুকদার | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২২ | জনাব জনি রঞ্জন দে | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৩ | জনাব ইকবাল হোসেন আরিফ | চেয়ারম্যান, ইউসিসিএলি:, কোম্পানীগঞ্জ, সিলেট এ প্রতিনিধি। |
| ২৪ | জনাব রায়হান পারভেজ রনি | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৫ | জনাব ইকবাল হোসেন ইমাদ | চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৬ | জনাব মৃণাল কান্তি চৌধুরী | ডেপুটি জেনারেল ম্যানাজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ |
| ২৭ | জনাব কাজী আব্দুল অদুদ আলফু মিয়া | চেয়ারম্যান, তেলিখাল ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |

**পরিশিষ্ট 'খ'** **<u>অনুপস্থিতঃ</u>**

১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
২। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (অ:দা), কোম্পানীগঞ্জ, সিলেট।
৪। উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
৫।চেয়ারম্যান, ইছাকলস ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ,সিলেট।
৬।বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৭। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ,সিলেট।
৯। উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
১০। সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট।

২৬/০৫/২০২২

উপজেলা পরিষদের ৩৭ তম সভা

তারিখ:- ২৮/০৮/২০২২ইং

সময়:- ১১.০০ ঘটিকা

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ০১. | মো: জিয়াদ আলী | ১ নং, বুড়াবুড়ি চেয়ারম্যান | |
| ০২. | মো: মশিউর রহমান | চে:, উত্তর নাখিয়ার ইউনিয়ন [illegible] | |
| ০৩. | মো: [illegible] | ২ নং পূর্ব ইসলামপুর ইউ: চেয়ারম্যান | |
| ০৪. | মো: মাহফুজুর রহমান মামুন | ৪ নং ইসলামপুর ইউনিয়ন চেয়ারম্যান | |
| ০৫. | Dr. Md Kamruzzaman | UHSFPO | |
| ০৬. | মো: মোহাম্মদ [illegible] | ULO | |
| ০৭. | মোহাম্মদ নাজমুল হাসান | ULCTO | |
| ০৮. | মো: [illegible]-ইয়াসমীন | UFPO | |
| ০৯. | [illegible] মাহমুদ হোসেন | UEO | |
| ১০. | মোছাম্মৎ মোমিনা বেগম | সমাজসেবা ও বিভিন্ন অফিসার | |
| ১১. | [illegible] আফিকা [illegible] | UWAO | |
| ১২. | [illegible] | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | |
| ১৩. | মোহাম্মদ আবদুল হান্নান | সহ-সভাপতি প্রেসক্লাব, ২০২২ | |
| ১৪. | মো: আব্দুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | |
| ১৫. | মো: বদিউজ্জামান | NSEO | |
| ১৬. | মো: ওবায়দুল আলম | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার | |
| ১৭. | মো: শাহ আলম | উপজেলা প্রকল্প কর্মকর্তা | |
| ১৮. | মো: আতাউল হক | উপজেলা সমবায় অফিসার | |
| ১৯. | মো: জাহিরুল হক | উপজেলা নির্বাচন অফিসার | |
| ২০. | সজল কান্তি মজুমদার | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | |
| ২১. | জনি রঞ্জন দে | USSO | |
| ২২. | ইসমাইল হোসাইন আরিফ | ভাইস চেয়ারম্যান-U.C.C.A.L | |
| ২৩. | আমজাদ পারভেজ রবি | UAO | |
| ২৪. | ইকবাল হোসেন ইমাম | চেয়ারম্যান, দক্ষিণ বনিয়ার্চর | |
| ২৫. | মৃণাল কান্তি চৌধুরী | DGM, BREB | |
| ২৬. | মো: আব্দুল [illegible] | চেয়ারম্যান | |
| ২৭. | | | |